# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২৩- ৫৭১ তারিখ- ২৫/৭/২৩

## সভার নোটিশ

রংপুর সদর উপজেলা পরিষদের জুলাই/২৩ মাসের সভা আগামী ৩০/০৭/২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমূহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। রংপুর সদর উপজেলা পরিষদ চত্বরের সীমানা নির্ধারণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৪। রংপুর সদর উপজেলা পরিষদের সরকারী বাসভবনগুলো পরিত্যাক্ত ঘোষনা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৫। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৬। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৭। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৮। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৯। UDCC সভা সম্পর্কে আলোচনা।
১০। বিবিধ।

২৫.০৭.২৩
(মোঃ নাইম হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬৩১১৬।

প্রাপক :.................................................

.................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

০১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৬। নোটিশ বোর্ড................................................. অফিস।
০৭। অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।

CamScanner

# জুলাই-২৩ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
## রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ৩০/০৭/২০২৩খ্রিঃ। |
| সময় | : | বেলা : ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে নবাগত উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নাইম হাসান খান সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন এবং আরো বলেন যে, খলেয়া ও মমিনপুর ইউপি চেয়ারম্যানদ্বয় নির্ধারিত সময়ে সভায় উপস্থিত না হওয়ার বিষয়ে কারণ দর্শানোর জন্য মতামত ব্যক্ত করেন।

বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার, রংপুর সদর, রংপুরের প্রতিনিধি জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:**<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ্ব বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভাষা টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | | আগামী সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৩ | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ:**<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | আগামী সভায় উপস্থিত থাকার জন্য সিদ্ধান্ত গৃহীতহয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |

*চলমান পাতা-২*

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বর্তমান সময়ে গরুর লাম্পি স্কিন ডিজিজ এবং ক্ষুরা রোগ বেড়ে যাওয়ায় ব্যস্ততম সময় পাড় করছি। এ রোগের জন্য ভ্যাকসিন চাওয়া হয়েছে। মূলতঃ লাম্পি স্কিন ডিজিজ রোগে ভ্যাকসিন বাহির হয়নি। অন্য রোগের ভ্যাকসিন দিয়ে কাজ চালিয়ে নেয়া হচ্ছে। এটা যাতে ব্যাপক আকার ধারণ করতে না পারে সেজন্য জনসচেতনা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, মাঠ পর্যায়ে প্রাণিসম্পদ অফিসের ডাক্তারদের কোথায় পাওয়া যাবে এ ধরণের নির্ধারিত একটি স্থান জনসাধারণের জানা দরকার এবং সেখানে গিয়ে তারা সেবা নিতে পারে তার ব্যবস্থা নিশ্চিত করার জন্য গুরুত্বারোপ করেন। | মাঠ পর্যায়ে প্রাণিসম্পদ অফিসের ডাক্তারগণ স্ব-স্ব ইউপি চেয়ারম্যানদেরকে ইউনিয়নের কোন জায়গায় অবস্থান করবেন তার প্রতি মাসের ক্যালেন্ডার তৈরী করে ইউপি চেয়ারম্যানদেরকে দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মৎস্য অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আজ থেকে জাতীয় মৎস্য সপ্তাহ শেষ। মৎস্য সপ্তাহ পালনে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, রবি মৌসুমে কর্মসূচী চলমান আছে। নিয়মিত সার মনিটরিং করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৭ | **বরেন্দ্র বহমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলার হরিদেবপুর ইউনিয়নের বাইশার দোলা হতে মমিনপুর পর্যন্ত বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক খাল খননের বিষয়ে বলেন যে, খাস জমিতে খাল খনন করা হলে কোন সমস্যা নেই। কিন্তু ব্যক্তি মালিকানা জমিতে খাল খনন করার জন্য সকল নিয়ম মেনে খাল খনন করার জন্য মতামত ব্যক্ত করেন। | ব্যক্তিমালিকানা জমিতে খাল খনন করার জন্য সকল নিময় মেনে খাল খনন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃতীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-০৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বোরো মৌসুমে কৃষকগণ সরকার কর্তৃক দেয় মুল্যের চেয়ে বাহিরে ধানের দাম বেশী পাওয়ায় খাদ্যগুদামে ধান দিচ্ছে না।<br>তিনি আরো বলেন যে, বোরো সংগ্রহ চাল ও ধান লক্ষ্যমাত্রা ধান- ১২৯৩ এবং চাল- ৫৩৬৪মেঃটন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br><br>চেয়ারম্যান, ২নং হরিদবেপুর ইউপি, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, দুঃস্থ মানুষের জন্য স্বল্প মূল্যে সিটিকর্পোরেশনে ওএমএস চাল দেয়া হচ্ছে। এ সুবিধা থেকে ইউনিয়নের সাধারণ জনগণ বাদ যাচ্ছে। মুলত ইউনিয়নে দুঃস্থ মানুষের সংখ্যা বেশী। ইউনিয়ন পর্যায়ে ওএমএস এর চাল দেয়ার জন্য অনুরোধ করেন। | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে এডিপির কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করা হয়েছে।<br>তিনি আরো বলেন যে, বদলী জনিত কারণে উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর মহোদয়ের সরকারী বাস ভবনটি মেরামত ও রং করার জন্য প্রাক্কলণ প্রস্তুত করা হয়েছে। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, অত্র দপ্তরে আগত ব্যক্তিগণ বেশিরভাগেই বয়স্ক, মূল গেট হতে তার অফিস যাওয়া পর্যন্ত রাস্তায় বর্ষা মৌসুমে পানি জমে থাকে এবং ব্যবহারের অনুপযোগী। উক্ত রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ জ্ঞাপন করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, উপজেলা পরিষদের মূল গেটটি সংস্কার করার জন্য মতামত ব্যক্ত করেন।<br>তিনি আরো বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং উপজেলা পরিষদ কার্যালয়টি অনেক পুরাতন বিল্ডিং হওয়ায় প্রতিবারে মেরামত করতে হয়। বিধায় উক্ত ভবনটি মেরামত করার জন্য মতামত ব্যক্ত করেন। | ০১) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সরকারী বাসভবনটি মেরামত করার জন্য জনাব মোছাঃ কাজলী বেগম, মহিলা ভাইস চেয়ারম্যানকে প্রকল্প চেয়ারম্যান করে প্রকল্প বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>০২) উপজেলা পরিষদের মূল গেট সংস্কার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>০৩) উপজেলা নির্বাহী অফিস এবং উপজেলা পরিষদ কার্যালয় মেরামত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, গত ২৮জুলাই/২৩ তারিখে এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। রংপুর সদর উপজলার স্কুল পর্যায়ে ৮২%, দাখিল পর্যায়ে ৮৪% এবং ভোকেশনাল পর্যায়ে ৪৫% হারে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রংপুর সদর, রংপুর। |
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৪

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, রংপুর সদর উপজেলার ০৪টি ইউনিয়নে মোট ভাতা ভোগীর সংখ্যা ১৫০৮৭জন। ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন কার্যক্রম চলমান আছে। সদ্যপুস্করিনী ও হরিদেবপুর ইউনিয়নের ভাতাভোগীদের লাইফ ভেরিফিকশন করার জন্য স্থান নির্ধারণের নিমিত্তে সভাপতির সদয় দৃষ্টি আকর্ষণ করেন।<br>তিনি আরো বলেন যে, আগামী ০১ তারিখ হতে অনলাইনের মাধ্যমে প্রতিবন্ধী ভাতার জন্য আবেদন গ্রহণ করা হবে। এ বিষয় ব্যাপক প্রচার করার নিমিত্তে সভায় সংশ্লিষ্ট সকলের নিকট অনুরোধ জ্ঞাপন করেন।<br>চেয়ারম্যান, হরিদেবপুর ইউপি সভায় বলেন যে, প্রতিবন্ধীতে সুবর্ণ কার্ডের জন্য অনেকগুলো আবেদন করা হয়েছে উক্ত কার্ডগুলো দ্রুত প্রদান করার ব্যবস্থা গ্রহণের জন্য সভায় মতামত ব্যক্ত করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, হরিদেবপুর ইউনিয়নের ভাতাভাগীদের সুবিধার্থে শীবের বাজার সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ এবং সদ্যপুস্করিনী ইউনিয়নের ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন রংপুর সদর উপজেলা পরিষদ চত্বরে যাচাই বাছাই কার্যক্রম করার জন্য মতামত ব্যক্ত করেন | ১) বিস্তারিত আলোচনান্তে ০৪টি ইউনিয়নর ভাতাভাগী লাইফ ভেরিফিকেশন বিধি মোতাবেক সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) হরিদেবপুর ইউনিয়নের ভাতাভাগীদের সুবিধার্থে শীবের বাজার সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠ এবং সদ্যপুস্করিনী ইউনিয়নের ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন রংপুর সদর উপজেলা পরিষদ চত্বরে করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩) প্রতিবন্ধী ভাতাভোগীদের অনলাইনে আবেদনের বিষয়টি ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার/ ইউপি চেয়ারম্যানবৃন্দ, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্ন স্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, রংপর সদর, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর |
| ২২ | **উপজেলা পরিষদ চত্বর সীমানা নির্ধারণ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, সমাজসেবা অফিসের সামন এবং তার অফিসের পিছন দিয়ে সার্বক্ষণিক অটো রিকসা, ভ্যান এবং ছোট পিকআপ ভ্যান চলাচল করে। ফলে অফিসের পিছনের জায়গায় অনেক ধরনের ময়লা এবং রাত্রিকালীন সময়ে নেশাগ্রস্থ ব্যক্তিগণের আসা যাওয়া নিয়ে অফিসের জানালাও পর্যন্ত খোলা যায় না।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলা পরিষদ চত্বরটি ঈদগাহ মাঠ হতে শুরু করে উপজেলা পরিষদ মুল গেট পর্যন্ত অবৈধভাবে অনেকেই বসবাস করে আসছেন। পর্যায়ক্রমে তারা পরিষদের ভিতরের দিকে চলে এসে ঘর নির্মাণসহ জমি দখল করতেছেন। উক্ত পরিষদ চত্বরের মধ্যে অবৈধভাবে বসবাসরত ব্যক্তিদের উচ্ছেদ করা অতীব জরুরী। বসবাসরত স্থানে নিয়মিত নেশাসহ আইন-শৃঙ্খলা ভঙ্গের কার্যক্রম চলে। এতে করে পরিষদের নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। যেকোন মুহূর্তে দুঘর্টনা হতে পারে। জরুরী ভিত্তিতে পরিষদ সীমানা নির্ধারণ পূর্বক সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য গুরুত্বারোপ করেন।<br>তিনি আরো বলেন যে, মূল গেট হতে সমাজসেবা অফিসের পিছনে পকেট গেড দিয়ে যাওয়া আসার রাস্তাটি বন্ধ করার জন্য মতামত ব্যক্ত করেন। | ০১) রংপুর সদর উপজেলা পরিষদ চত্বর সীমানা প্রাচীর নির্মাণ করার জন্য প্রাক্কলণ প্রস্তুত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>০২) সীমানা প্রাচীর নির্মাণের অনুমতির জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>০৩) অবৈধভাবে বসবাসরত ব্যক্তিদের উচ্ছেদ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>০৪) সমাজসেবা অফিসের পিছনের পকেট গেট রাস্তাটি বন্ধ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২৩ | **উপজেলা পরিষদ সরকারী বাসভবন পরিত্যাক্ত ঘোষণা সম্পর্কে আলোচনা :**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, রংপুর সদর উপজেলা পরিষদ চত্বরে অবস্থিত চেয়ারম্যান কোয়ার্টার, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো এবং যমুনা ও তিস্তা সরকারী বাসভবনগুলো বসবাসের অনুপযোগী হয়েছে। বার বার মেরামত করা হচ্ছে। উক্ত ভবনগুলো উপজেলা পরিষদ প্রথম পর্যায়ে গঠন হওয়ার সময় নির্মাণ করা হয়েছে। ভবনগুলো পরিত্যাক্ত ঘোষণা করা অতীব জরুরী। উক্ত ভবনগুলো ভেঙ্গে নতুন আবাসিক ভবন নির্মাণের জন্য সভায় মতামত ব্যক্ত করেন। | ০১) সবিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান কোয়াটার, উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো এবং যমুনা ও তিস্তা সরকারী বাসভবনগুলো পরিত্যক্ত ঘোষণা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৬

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপরোক্ত ভবনগুলো পরিত্যাক্ত ঘোষণা করার জন্য কার্যক্রম গ্রহণ করার মতামত ব্যক্ত করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, চেয়ারম্যান কোয়ার্টার, উপজেলা নির্বাহী অফিসারের বাংলো এবং যমুনা ও তিস্তা সরকারী বাসভবনগুলো উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর হতে ভ্যালুয়েশন প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য জেলা কনডেমনেশন কমিটি বরাবরে পত্র প্রেরণের গুরুত্বারোপ করেন। | ০২) চেয়ারম্যান কোয়ার্টার, উপজেলা নির্বাহী অফিসারের বাংলো এবং যমুনা ও তিস্তা সরকারী বাসভবনগুলো উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর হতে ভ্যালুয়েশন প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য জেলা কনডেমনেশন কমিটি বরাবরে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৭/২৫

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২৩- ৫২১ তারিখ- ৩০/৭/২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।

৯। উপজেলা........................................ অফিসার, রংপুর সদর, রংপুর।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব ...............................................................

১২। অফিস কপি।

৩০/৭/২৩

(মোঃ নাইম হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর- ০২৫৮৯৯-৬২৩৫৫।

CamScanner